



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

নথি নং -বিঅ-৬/৬৩০১/৩৭.১১.৪০৪১.৫০১.০১.৬.২০.১০৯৭২

তারিখ: ৩১-০৫-২০২২

বিষয়: তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল প্রসঙ্গে।

সূত্র : অভিযোগকারীর ১১-০৫-২০২২ তারিখের আবেদন (আইডি- ১৫৬৭২)

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, যশোর জেলার ঝিকরগাছা উপজেলাধীন আঙ্গারপাড়া বহিরামপুর মাধ্যমিক বিদ্যালয়ের দাখিলকৃত ম্যানেজিং কমিটির বিরুদ্ধে জনাব মো: মিজানুর রহমান একটি অভিযোগ দাখিল করেছেন। উক্ত অভিযোগের বিষয়ে সরেজমিনে তদন্তপূর্বক প্রতিবেদন অতিসত্ত্বর নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণ করার জন্য নির্দেশক্রমে আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

৩১-০৫-২০২২

(ড. বিশ্বাস শাহিন আহম্মদ)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।

02477762705

জেলা শিক্ষা অফিসার
যশোর।

সংযুক্তি: অভিযোগের ছায়ািলপি

নথি নং-বিঅ-৬/৬৩০১/৩৭.১১.৪০৪১.৫০১.০১.৬.২০.১০৯৭২ (৬)

তারিখ: ৩১-০৫-২০২২

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। জেলা প্রশাসক, যশোর।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, ঝিকরগাছা, যশোর।
- ৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ঝিকরগাছা, যশোর।
- ৪। প্রধান শিক্ষক, আঙ্গারপাড়া বহিরামপুর মাধ্যমিক বিদ্যালয়, অমৃতবাজার, ঝিকরগাছা, যশোর।
- ৫। অভিযোগকারী, জনাব মো: মিজানুর রহমান (০১৬৮০-৭০২৫৫৯), অমৃতবাজার, ঝিকরগাছা, যশোর।
- ৬। অফিস নথি।

৩১-০৫-২০২২

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

02477762705

বরাবর,

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর।

বিষয় : যশোর জেলার ঝিকরগাছা উপজেলাধীন আঙ্গারপাড়া বহিরামপুর মাধ্যমিক বিদ্যালয়ের
EIIN No-115749 দাখিলকৃত ম্যানেজিং কমিটি অনিয়ম ভাবে গঠনের বিরুদ্ধে
অভিযোগ।

জনাব,

বিনীত নিবেদন এই যে, যশোর জেলার ঝিকরগাছা উপজেলাধীন আঙ্গারপাড়া বহিরামপুর মাধ্যমিক বিদ্যালয়ের EIIN No-115749, আমি আঙ্গারপাড়া বহিরামপুর মাধ্যমিক বিদ্যালয়ের চলতি কমিটির একজন অভিভাবক সদস্য। আমি মোঃ মিজানুর রহমান, পিতা-মৃত লুৎফর রহমান, গ্রাম-আঙ্গারপাড়া, ডাকঘর-অমৃতবাজার, উপজেলা-ঝিকরগাছা, জেলা-যশোর। এই কমিটির মেয়াদ শেষ হওয়ায় নতুন করে কমিটি গঠনের জন্য ০৪/০৪/২০২২ ইং তারিখে গ্রামেরকাগজ পত্রিকায় তপসিল ঘোষণা হয়। এই তফসিল অনুযায়ী মহোদয়ের নিকট একটি আবেদন দাখিল হয়েছে, উক্ত আবেদনের আইডি নং- ১৫৩৯৫। উক্ত দাখিলকৃত কমিটিতে যাহাকে দাতা সদস্য পদ দেওয়া হয়েছে তাহার নাম আহসাব হাবিব। তিনি বিদ্যালয়ের শহীদমিনার নির্মাণের জন্য ৫০,০০০/- টাকা দিয়েছে বলে জানানো হয়েছে সেটা সম্পূর্ণ মিথ্যা। তিনি কোনো অর্থ দেননি। এছাড়া উক্ত দাখিলকৃত কমিটিতে যাদের অভিভাবক সদস্য দেওয়া হয়েছে তার মধ্যে মোঃ সামছুর রহমান, অভিভাবক, তাহার পুত্র আল মাহফুজ, শ্রেণী-৮ম এবং শ্রেণী রোল-১৩, এই নামে ভোটার তালিকার সাথে কোনো মিল নেই। এছাড়া অভিভাবক সদস্য দেওয়া হয়েছে তার মধ্যে মোঃ মিজানুর রহমান, অভিভাবক, তাহার পুত্র সাকিল, শ্রেণী-৭ম এবং শ্রেণী রোল-১৬, এই নামে ভোটার তালিকার সাথে মিল নেই। অভিভাবক সদস্য দেওয়া হয়েছে তার মধ্যে মোঃ নুর আলম, অভিভাবক, তাহার কন্যা রুকাইয়া, শ্রেণী-৮ম এবং শ্রেণী রোল-১৩, এই নামে ভোটার তালিকার সাথে মিল নেই।

অতএব, মহোদয়ের নিকট উপরোক্ত বিষয়গুলি বিবেচনা করে তদন্ত করার জন্য মহোদয়ের নিকট আকুল আবেদন করিতেছি।

বিনীত

তারিখ : ১১/০৫/২০২২ ইং

(মোঃ মিজানুর রহমান)

অভিভাবক সদস্য

পিতা-মৃত লুৎফর রহমান

গ্রাম-আঙ্গারপাড়া, ডাকঘর-অমৃতবাজার

উপজেলা-ঝিকরগাছা, জেলা-যশোর।

মোবাঃ ০১৬৮০-৭০২৫৫৯